

## সিলেটে প্রাইমারি স্কুলের ৯৬৭ শিক্ষকের পদ শূন্য

### ■ সিলেট অফিস

সিলেটের ১২ উপজেলায় এক হাজার ৩৭৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের ৯৬৭টি পদ শূন্য আছে দীর্ঘদিন থেকে। আবার শিক্ষকদের কেউ কেউ বিদেশ রয়েছেন দীর্ঘদিন থেকে। এদিকে সিলেটে বিনা অনুমতিতে দীর্ঘদিন কর্তৃত্ব অনুপস্থিত থাকায় একাধিক ঘটনা সম্প্রতি তদন্তে ধরা পড়েছে। অনেকেই মনে করছেন সূচু তদন্ত হলে এ জাতীয় আরো ঘটনা উদঘাটন হতে পারে। অনুপস্থিত শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে জেলা শিক্ষা অফিসার তাদের নিকট যদিও বিধি মোতাবেক কৈফিয়ত তলব করেছেন। কিন্তু প্রায় সাড়ে ৩ মাস অভিবাহিত হচ্ছে তাদের কোন জবাব নেই। সূত্র জানায়; চাকরি চেকাতে কেউ কেউ দেশের বাইরে থেকেও নানা স্থানে যোগাযোগ রাখছেন। জেলা শিক্ষা অফিসার হযরত আলী জানান, অনুমোদিত শিক্ষকদের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনী ব্যবস্থা নেয়া হচ্ছে।